A.D.S.R. Alipore I-72-48056-2968 year- 1983

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

90AB 905628

16050000725/2024
28/02/2024

Xerox - 36.00
Plan - 50.00

FEES PAID

Copy No.

Date

| | |
|---|---|
| F... | 2.00 |
| R... | 2.00 |
| ... | 9.00 |
| ... | 6.00 |
| Plan | 50.00 |
| Xerox | 36.00 |
| Stamp | 10.00 |
| Court | 10.00 |
| Total | 125.00 |

ADSR, Alipore
South 24 Parganas

Seal of the Additional Dist. Sub-Registrar, Alipore, South 24 Pgs.

28 FEB 2024

3301 I 2968 500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ रु. Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

Admitted under Regn. Rule - duly ... exempted from Stamp ... otherwise not require Stamp ... under the Indian Stamp ... as amended in 1970 Schedule IA No. 58 A.

A 189.50
N 1.20
K(1) 5.00
195.70
K(2) 20.00
215.70

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas.
23.5.85

23/5
58 A
20,000

সেটেলমেন্ট পত্র ঃ –

গ্রহীতা ঃ – শ্রী দিব্যেন্দু কৃষ্ণ সরকার, পিতা শ্রী ধীরেন্দ্র কৃষ্ণ সরকার, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিন ৯ নং মাধব চ্যাটার্জ্জী লেন, থানা ভবানীপুর, জেলা ২৪ পরগণা, কলিকাতা ২০।

দাতা ঃ – শ্রীমতী রেণু প্রভা সরকার, স্বামী ধীরেন্দ্র কৃষ্ণ সরকার, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন ৯ নং মাধব চ্যাটার্জ্জী লেন, থানা ভবানীপুর, জেলা ২৪ পরগণা, কলিকাতা ২০।

কস্য সেটেলমেন্ট বা নিরূপণ পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ –এই দলিলে অর্পিত নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত ৯।২ নং মাধব চ্যাটার্জ্জী লেন – প্রেমিসেস এবং তৎসংলগ্ন ৯।১ নং মাধব চ্যাটার্জ্জী লেন প্রেমিসেসের অংশ মাত্র

Registered
2
72
Pages 42 to 47
2948

200Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES



মায় তদুপরিস্থিত এসবেসটস ছাউনি বিশিষ্ট ঘরাদি এই দলিলে সেটেলমেন্টকৃত সম্পত্তি হইতেছে।

উপরোক্ত ৯।২ নং মাধব চ্যাটার্জ্জী লেন প্রেমিসেস ২০ নং পদ্ম পুকুর রোড প্রেমিসেসের উত্তর পশ্চিম কোণের চার কাঠা তিন ছটাক বিয়াল্লিশ স্কোয়ার ফুট পরিমাপের অংশ বিশিষ্ট ৮নং প্লট থাকাকালে, উহার তৎকালিন মালিক খুলনা খারুরিয়া ওয়ার্ডস এস্টেটের নিকট হইতে তাহার ম্যানেজার কর্ত্তৃক আমার বরাবর ১৯৩৭ সালের ৯ই মে তারিখে সম্পাদিত এবং ২৪ পরগণা আলিপুরের ডিস্ট্রীক্ট সাব রেজেস্ট্রী আফিসে রেজেস্ট্রীকৃত এবং ঐ অফিসের ১নং বহির ৪০-নং ভল্যুমের ২৯০ হইতে ২৯২ পৃষ্ঠায় ১৯৩৭ সালের ১৬৩২ নং কোবালা দলিল মুলে উপযুক্ত পণে নিজ স্বার্থে ও অর্থে খরিদ করিয়া আমি উক্ত সম্পত্তি সম্পর্কে কলিকাতা কর্পোরেশনে

TRAR, ALIPORE
Parganas.
.5.83

20 Rs.

ভারত INDIA
TWENTY RUPEES
২০রু. 20RS.

৩

নিজ নাম পত্তনে এবং উহা হাল ৯।২ নং মাধব চ্যাটার্জ্জী লেন প্রেমিসেস রূপে অন্যের বিনা স্বত্ব সংস্রবে এবং নিজ সম্পূর্ণ মালিকী স্বত্বে ঐ খরিদ কাল হইতে অদ্যাবধি এই দীর্ঘকাল উহা ভোগদখল করিয়া আসিতেছি। অনুরূপভাবে ঐ ২০ নং পদ্মপুকুর রোড প্রেমিসেসের উত্তর পূর্ব্ব কোনে ২ কাঠা ১৩ ছটাক ২৭ স্কোয়ার ফুট পরিমাণের অংশ বিশিষ্ট ৯নং প্লট থাকাকালে উপরোক্ত মত উহার তৎকালীন মালিক খুলনা খাজুরিয়া ওয়ার্ডস এষ্টেটের নিকট হইতে তাহার ম্যানেজার কর্ত্তৃক আমার বরাবর ১৯৩৮ সালের ৭ই ডিসেম্বর তারিখে সম্পাদিত এবং ২৪ পরগণা আলিপুর ডিষ্টীক্ট সাবরেজেষ্ট্রী অফিসে ১৯৩৮ সালের ১২ই ডিসেম্বর তারিখে রেজেষ্ট্রীকৃত এবং ঐ অফিসের ১নং বহির ৯০ নং ভল্যুমের ২৬০ হইতে ২৬৫ নং পৃষ্ঠায় লিখিত ১৯৩৮ সালের ৪৮৯৮ নং কোবালা দলিল মূলে উপযুক্ত পণে নিজ স্বার্থে ও অর্থে খরিদ করিয়া আমি উক্ত সম্পত্তি সম্পর্কে কলিকাতা কর্পোরেশনে নিজ নাম পত্তনে এবং উক্ত সম্পত্তিতে ইমারত প্রস্তুতে ও উহার সর্ব্ব উত্তরাংশে এসবেসটস ছাউনী –

বিশিষ্ট ঘর নির্ম্মাণে এবং ঐ সম্পত্তির মধ্যে ও উহার সর্ব্ব পূর্ববাংশে ২' ফুট চওড়া উত্তর দক্ষিণ লম্বা মোট ৭৫ স্কোয়ার ফুট জমি কলিকাতা কর্পোরেসানকে ফ্রি গিফট বা দান করিয়া বাকী ২ কাঠা ১১ ছটাক ৪২ স্কোয়ার ফুট জমি বায় তদুপরি যাবতীয় উপরোক্ত গৃহাদি হাল ৯।১ নং প্রেমিসেস রূপে অন্যের বিনা স্বত্ব সংস্রবে এবং নিজ সম্পূর্ণ মালিকী স্বত্বে অদ্যাবধি বরাবর এই দীর্ঘকাল উহা ভোগদখল করিয়া আসিতেছি ।

এক্ষণে আমার বয়স প্রায় আশী বৎসর বয়স হইয়াছে এবং যদিও আমি শারিরীক ও মানসিক সুস্থ থাকিয়া পুত্র পৌত্রাদি সহ জীবন যাপন করিতেছি তথাপি বয়সাধিক্যে সাধারণ ভাবেই আমি ক্রমশঃই অপটু হইয়া পড়িতেছি এবং এমত অবস্থায় অনতিবিলম্বে আমার জীবনাবসানের সম্ভাবনা বিবেচনায় আমি মৃত্যুর পূর্ব্বে নিজেই ঐ সম্পত্তি সম্পর্কে কিছু ব্যবস্থা করিয়া রাখা বিশেষ সঙ্গত মনে করি এবং সেই ইচ্ছা কার্য্যে পরিণত করিতেই আমি এই সেটেলমেন্ট দলিল সম্পাদন করিতেছি ।

আমার স্বামী ঁহরেন্দ্র কৃষ্ণ সরকারের বহুদিন পূর্ব্বে মৃত্যু হয় । তাঁহার চারিপুত্র একক্যা, সকলেই স্বচ্ছলভাবে নিজ নিজ পরিবারবর্গ সহ সুখে সংসার করিতেছে এবং ভগবৎ কৃপায় তাহাদের কোন অভাব অভিযোগ নাই । এই দলিল গ্রহীতা তুমি উপরোক্ত চারি পুত্রের মধ্যে তৃতীয় পুত্র ধীরেন্দ্র কৃষ্ণ সরকারের একমাত্র পুত্র হইতেছ এবং শিশু কাল হইতেই তুমি আমার প্রতি অত্যন্ত আকৃষ্ট থাকায় আমি ও স্নেহ পরবশ হইয়া তোমার ঐ শিশুকাল হইতেই তোমাকে নিজ সন্তান বৎ লালন পালন করিয়া আসিয়াছি এবং তুমিও এক্ষণতক বরাবর আমাকে আপন মাতা রূপে ভক্তিশ্রদ্ধা সেবা যত্ন করিয়া

আসিতেছে। এই কারণে তুমি আমার একান্ত স্নেহের পাত্র বিধায় এবং আমার নিজ বাসনা পুরনের জন্য আমার নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পর্কে তোমাকে ট্রাষ্টী নিযুক্ত করিয়া নিম্নেলিখিত সর্ত্ত সাপেক্ষ তোমাকে সম্পূর্ণভাবে উহা নিরূপণ হস্তান্তর করিয়া ঐ নিরূপিত সম্পত্তিতে তোমাকে অদ্য দখল প্রদান করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও বেদখল হইলাম এবং উহাতে আমার যাহা কিছু স্বত্ব দখল অধিকার দাবী – অদ্যতক্ থাকে তাহা এই দলিল মূলে লুপ্ত হইয়া অদ্য হইতে নির্দায় ও নির্দোষ – অবস্থায় এবং সম্পূর্ণ রূপে এই দলিলে তোমাকে নিযুক্ত ট্রাষ্টী স্বরূপে তোমাতে বর্ত্তিল এবং তদনুসারে উক্ত সম্পত্তিতে তুমি অত্র নিযুক্ত ট্রাষ্টীরূপে স্বত্বাধিকারী হইয়া ট্রাষ্ট সর্ত্ত মোতাবেক ঐ সম্পত্তিতে একণে ট্রাষ্টী স্বরূপে সর্ত্ত পরিচালনা ও ভোগদখল করিতে থাকিয়া ট্রাষ্টের পরবর্তী সর্ত্তানুসারে নির্দ্দিষ্ট সময় হইতে উহাতে পুত্র পৌত্রাদি ওয়ারিশানক্রমে এক্ক ষোল আনা নিব্যুঢ় স্বত্বে চিরদিন নির্ব্বিবাদে এবং আমার অপরাপর ওয়ারিশগনের বিনা স্বত্ব সম্পর্কে ও বিনা ওজর আপত্তিতে ঐ সম্পত্তি সর্ব্ব প্রকার যথেচ্ছা হস্তান্তর রূপান্তরের ক্ষমতা প্রযুক্তে ও স্বত্বাধিকারে ভোগ দখল করিবে।

সর্ত্ত যথা ঃ –

১। এই দলিল সম্পাদনের তারিখ হইতে আমার জীবনকালতক্ এই ট্রাষ্ট বজায় থাকিবে ও তুমি ট্রাষ্ট সম্পত্তির ট্রাষ্টী থাকিবে এবং আমার জীবনান্তে এই ট্রাষ্ট লোপ পাইয়া তুমি ঐ সম্পত্তির নিব্যুঢ় স্বত্বাধিকারী মালিক হইবে।

২। এই ট্রাষ্ট বজায়কাল সময়ে তুমি এই ট্রাষ্ট সম্পত্তি সম্পর্কে কলিকাতা কর্পোরেশন

ও পশ্চিমবঙ্গ সরকারের কালেক্টারীতে ট্রাস্টী রূপে নিজ নাম পত্তনে সম্পত্তির দরুন দেয় ট্যাক্স খাজনাদি আদায় দিয়া এবং ঐ বিষয়ে যখন যাঁহা করণীয় তাহা যথারীতি করিয়া উহার চৌহদ্দি সীমা বজায় পূর্ব্বক উহার যথাযথ রক্ষনাবেক্ষণ নিজ খরচে করিবে।

৩। ঐ ট্রাস্ট সম্পত্তিতে তোমার নিজ সুবিবেচনা মত উপরি যথেচ্ছা গৃহাদি নির্ম্মানে এবং সম্পত্তির উন্নতি সাধন উহাতে নিজে পরিবারবর্গ সহ বসবাস করিবে এবং ইচ্ছামত আংশিক বা সম্পূর্ণ ভাবে ভাড়া দিয়া উহার আয় উপস্বত্ব গ্রহণ করিবে।

৪। ট্রাস্ট বজায় কালে ট্রাস্ট সম্পত্তির আয় উপসত্ত্ব হইতে খরচ খরচা বাদে উদ্বৃত্ত অর্থ হইতে তোমার নিজ সুবিবেচনা মত আমার প্রয়োজনীয় ব্যয়াদি তুমি সরবরাহ করিবে, ইহা তোমার প্রতি আমার সম্পূর্ণ বিশ্বাস মতে আমি আশা করি ও ভরসা রাখি।

৫। আমার জীবনকাল তক্ এই ট্রাস্ট বজায় থাকা সময়ে তুমি আমার লিখিত অনুমতি সাপেক্ষ ট্রাস্ট সম্পত্তির যে কোন প্রকার হস্তান্তর ও করিতে পারিবে। ভগবান না করুণ আমার জীবন কালেই তোমার অভাবে এই ট্রাস্ট লোপ পাইয়া তোমার বিবাহ সুত্রে ওয়ারেশ এই সম্পত্তিতে নিব্যূঢ় সত্ত্বে ষোল আনা মালিক স্বত্বাধিকারী হইবে এবং আমার জীবনকালে তোমার অবৃত্তদার বা পুত্র পৌত্রাদি ওয়ারিশান ব্যতিরেকে মৃতদার অবস্থায় তোমার অভাবে তোমার পিতৃসুত্রে ওয়ারেশ এই সম্পত্তির নিব্যূঢ় সত্ত্বে মালিক স্বত্বাধিকারী হইবে।

৬। অদ্যতক্ আমার স্বেচ্ছায় বা অনিচ্ছায় এই ট্রাস্ট কৃত সম্পত্তিতে কোন দায় সংযোগ না থাকায় ঐ সম্পত্তির অদ্য সম্পূর্ণ নির্দোষ অবস্থায় তোমাকে ট্রাস্টি রূপে উহা হস্তান্তর নিরূপন করিবার পর যদি উহাতে ভবিষ্যতে কোন দায় থাকা প্রকাশ

প্রকাশ পায় তাহা হইলে আমি নিজেই উহা দায় মুক্ত করিতে কোন রকমেই সমর্থ না হইলে আশা করি তুমি নিজ গুণে ট্রাস্ট সম্পত্তির আয় থাকিলে তাহা হইতে অথবা তোমার নিজ খরচে সম্পত্তির ঐ দায় মোচন করিবে।

৭। আমার জীবন অবসানেই এই ট্রাস্ট পূর্ব্ব লিখিত মত ধ্বংস প্রাপ্ত হইয়া উপরোক্ত সর্ব্বপ্রকার বিধি নিষেধ অকার্য্যকরী হইবে এবং তুমি বা তোমার ওয়ারেশ এই সাময়িকভাবে অর্পিত সম্পত্তির সম্পত্তির, স্বত্ত্বদখলকারীর ন্যায় নিব্যূঢ় স্বত্ত্ব দখলকারী হইবে।

অত্র নিরূপিত সম্পত্তির বর্ত্তমান সকল প্রকার অবস্থায় বিবেচনায় উহার মূল্য ২০,০০০্ টাকা ধার্য্য করা হইল।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে সরল মনে ও অন্যের বিনা প্ররোচনায় তোমার অনুকূলে নিরূপণ ব্যবস্থা সম্পাদনের এই নিরূপণ পত্র প্রস্তুতে ও ইহার সম্যক মর্ম্ম উপলব্ধি মতে ইহার সহিত সম্পাদন করিয়া অনেক দিনের বাসনা পূরণে নিশ্চিন্ত ও সুখী হইলাম। ইতি সন ১৩৯০ সালের ৭ই বৈশাখ তারিখ মোতাবেক ১৯৮৩ সালের — ২২শে মে

তপশীল নিরূপিত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি ঃ —

জেলা ২৪ পরগণা থানা ভবানীপুর সাবরেজেস্ট্রী আলিপুর ডিহি পঞ্চান্ন গ্রাম ৬ ডিভিসন সাবডিভিসন কে মৌজা পূর্ব্ব চক্র বেড়ে ১৬৯ নং হোলডিং ভুক্ত এবং সাবেক ২০ নং পদ্ম পুকুর রোড প্রেমিসেসের উত্তর পশ্চিম কোনে স্থিত ৪/৪২ চার কাঠা তিন ছটাক বিয়াল্লিশ স্কোয়ার ফুট পরিমাপের ৮ নং প্লট যাহা বর্ত্তমানে

বর্ত্তমানে ৯।২ নং মাধব চ্যাটার্জ্জী লেন প্রেমিসেস এবং উক্ত সাবেক ২১ নং পদ্ম পুকুর রোড প্রেমিসেসের উত্তর পূর্ব্ব কোনেস্থিত /২৸২৭ দুই কাঠা ছটাক সাতাশ স্কোয়ার ফুট পরিমাণের ৯ নং প্লটের মধ্যে সর্ব্ব উত্তরে দুইশত সাতাশ স্কোয়ার ফুট এবং তদুপরি এসবেসটস ছাউনী বিশিষ্ট ঘর উক্ত মোট নিষ্কৃতি সম্পত্তি অত্র সংলগ্ন নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা বেষ্টিত এবং উহার চৌহদ্দি ঃ –

উত্তর ঃ – ৪৬ নং চন্দ্র বেড়ে রোড এবং ৯ নং মাধব চ্যাটার্জ্জী লেন

দক্ষিন ঃ – ৯/৩ এ নং এবং বি নং মাধব চ্যাটার্জ্জী লেন এবং ৯/১ নং মাধব চ্যাটার্জ্জী লেনের বস্তী অংশ

পূর্ব্ব ঃ – ৯।১ এবং ~~১০২ নং~~ মাধব চ্যাটার্জ্জী লেন

পশ্চিম ঃ – ৪৬ নং চন্দ্র বেড়ে রোড নর্থ [redacted]

কৈফিয়ৎ —

[illegible] ১০২ [illegible]

রেনু প্রভা সরকার

ই সা দি

১) কোয়ালী সরকার
৯নং মাধবচ্যাটার্জ্জী লেন কলিকাতা ২০

২) নিমাই চন্দ্র কুন্ডু
৯/২ মাধব চ্যাটার্জ্জী লেন
কলিকাতা - ২০.

৩) অলোক কুমার সর্বাধিকারী,
৩/২, মাধব চ্যাটার্জ্জী লেন,
কলিকাতা - ৭০০০২০.

টাইপকারক
[illegible signature]
আলিপুর জজকোর্ট ।

(56)

সেটেলমেন্ট পত্র

মূল্য ২০,০০০ টাকা

গ্রহীতা ঃ –

শ্রী দিব্যেন্দু কৃষ্ণ সরকার,
সাকিন ৯ নং মাধব চ্যাটার্জী লেন,
থানা ভবানীপুর, কলিকাতা ২০

দাতা ঃ –

শ্রীমতী রেনু প্রভা সরকার,
সাকিন ৯ নং মাধব চ্যাটার্জী লেন,
থানা ভবানীপুর, কলিকাতা ২০ ।

তারিখ –
১৯৮৩ সালের – ২২শে মে
১৩৯০ সালের – ৭ই জ্যৈষ্ঠ –

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas
21/9/83

One photo pasted to this page 23.5.83

Registered
Book No. 1
Volume no. 72
Pages 48 to 56
Being No. 2968
For the year 19 83

(Seal)

Sd. P. K. Mondal
SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas
21/9/83


Checked by
28 FEB 2024

Certified to be a True Copy
ADSR Alipore
South 24 Parganas

28 FEB 2024

PLAN SHOWING PREMISES NO. 9/2, MADHAB CHATTERJEE LANE AND PORTION OF PREMISES NO. 9/1, MADHAB CHATTERJEE LANE P.S. BHOWANIPUR. CALCUTTA-700020. SETTLED BY:- SM. RENU PROVA SARKAR IN FAVOUR OF SREE DIBYENDRA KRISHNA SARKAR

SCALE:- 20'FEET = 1" INCH.




CERTIFIED TO BE A TRUE COPY OF ORIGINAL PLAN ATTACHED TO TO DOCUMENT NO 2968 FOR 1983 OF.. SR. Alipur PLAN. compaired.
BY MD. SHAJHAN DATE 28/2/24